সংবাদ

22 MAY 2017

হাইকোর্টের আদেশ স্থগিত

# ভিকারুননিসায় শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা অনুসরণ

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে ভর্তিতে সরকারের নীতিমালা স্থগিত করে হাইকোর্টের দেয়া আদেশ ছয় সপ্তাহের জন্য স্থগিত করেছেন চেম্বার জজ আদালত। হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষের করা আবেদনের শুনানি নিয়ে গতকাল বিচারপতি মির্জা হোসেইন হায়দার এ আদেশ দেন। এর ফলে এখন শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা অনুসারে ফলের ভিত্তিতে ভিকারুননিসায় ভর্তি কার্যক্রম চলবে।

আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম, সঙ্গে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল অরবিন্দ কুমার রায়।

এ বিষয়ে ঢাকা শিক্ষাবোর্ডের আইন উপদেষ্টা মিজানুর রহমান বলেছেন, 'ভিকারুননিসায় ভর্তি সংক্রান্ত বিষয়ে হাইকোর্টের দেয়া গত ১৬ মের আদেশটি চ্যালেঞ্জ করে চেম্বার জজ আদালতে গিয়েছিল বোর্ড কর্তৃপক্ষ। এর পরিপ্রেক্ষিতে মাননীয় চেম্বার জজ আদালত হাইকোর্টের ওই আদেশটি ছয় সপ্তাহের জন্য স্থগিত ঘোষণা করেন।'

এর আগে গত ১০ মে উচ্চ মাধ্যমিক পর্যায়ে দেশের সব সরকারি-বেসরকারি কলেজে জারি ভর্তি নীতিমালার বৈধতা চ্যালেঞ্জ করে রিট আবেদনটি করেন সুপ্রিম কোর্টের আইনজীবী ও ভিকারুননিসা কলেজ গভর্নিংবডির সদস্য ইউনুছ আলী আকন্দ।

রিট আবেদনের শুনানি নিয়ে উচ্চ মাধ্যমিক ভর্তিতে ভিকারুননিসার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা স্থগিত করেন হাইকোর্ট। পাশাপাশি ভর্তি নীতিমালা-২০১৭ কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়েও রুল জারি করেন আদালত। চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যানসহ চারজনকে রুলের জবাব দিতে বলা হয়।

জানা গেছে, আদালতের রায়ের পরও ভিকারুননিসা নূন কলেজ কর্তৃপক্ষ মন্ত্রণালয়ের নীতিমালা মেনেই ভর্তি কার্যক্রম চালিয়ে যাচ্ছিল। একজন সদস্য রিট করলেও অন্য সদস্যরা সরকারি নিয়ম মেনেই ভর্তি অব্যাহত রাখার পক্ষে ছিলেন।